



সাধাৰণ ব্যৱহাৰী

সংস্কৰণ: মুক্তিবলু, পোতা- ৩

সোমবাৰ, ২৭ সেপ্টেম্বৰ ২০২১

四

ভাসা ফাউন্ডেশন শুরু হলো নারীদের হাতের কাজের প্রশিক্ষণ

চট্টগ্রাম অফিস : চট্টগ্রামের পায় এক হাজার সুবিধাবপ্তি নারীকে বিনামূল্যে সেলাই, এমব্রয়ডারি, ব্লক-বাটিক ও কারচুপি কাজের ওপর প্রশিক্ষণ কার্যক্রম শুরু করেছে বেসরকারি উন্নয়ন সংস্থা ভোলান্টারি একচিত্তিচিস ফর সোশ্যাল এন্ড হিউম্যান এডভালমেন্ট ফাউন্ডেশন-ভাসা ফাউন্ডেশন। ট্রেনিং ফর ক্ষিল ডেভেলপমেন্ট (টিএসডি) প্রশিক্ষণ কর্মসূচির আওতায় প্রতিটি সেক্টরের প্রশিক্ষণার্থীদের ৩৬০ ঘণ্টা করে প্রশিক্ষণ দেয়া হবে। ইতোমধ্যেই চট্টগ্রামের পাহাড়তলী, সীতাকুণ্ড, খুলশী, কুমিরা, হালিশহর এলাকায় এই প্রশিক্ষণ শুরু হয়েছে।

গত ২৫ সেপ্টেম্বর নগরীর বন্দর থানাধীন মুঙ্গীপাড়া এলাকায় এই প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানের সভাপতির বক্তব্যে প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী পরিমল কান্তি পাল বলেন, তীব্র প্রতিযোগিতার এই যুগে একজন কর্মক্ষম ব্যক্তিকে দক্ষ গড়ে তোলার কোনো বিকল্প নেই। তাই আত্মকর্মসংস্থান ও দারিদ্র্যবিমোচনে ভাসা ফাউন্ডেশন সুবিধাবপ্তি নারীদের জন্য বিভিন্ন হাতের কাজের প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করেছে। ৯ হাজার ৬০০ জন সুবিধাবপ্তি নারী এই কর্মসূচির আওতায় প্রশিক্ষণ প্রাপ্ত করবেন।

উদ্বোধন অনুষ্ঠানে প্রশিক্ষণের জন্য সদস্যদের মাঝে প্রশিক্ষণ সরঞ্জাম বিতরণ করা হয়। অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন মো. হাবিবুল্লাহ, রাজু চৌধুরী, বিজয় পাল, বেজাইল করিম, হেলাল উদ্দিন, জামাতুল ফেরদৌস, মো. মানিক, রঞ্জি, বাবি, মারিয়া, তানিয়া, রশিদা প্রমুখ।

সম্পাদক: শ্র্যামল মন্ত্র, প্রকাশক: সাবের হোসেন চৌধুরী

কর্মসূচী মিত্রী প্রেসেট, ঢাক্কাৰ কলা, ৭০ শহীদ সাহচরিক সেলিনা পার্কের সড়ক, (নিউ সার্কুলেৱ রোড, মালিবাগ),
চাকা-১২১৭ কোড় ১০৬০১৮৭, ১০৬১০৭৪ ক্যান্টন ১০৬২৫৩৪, সার্কুলেশন ও বিজ্ঞাপন: ১০৬১৮০৬